

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬২৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৭২]

৪৫। সাহাবা (রাযিঃ) গণের ফজিলত [মর্যাদা] (كتاب فضائل الصحابة رضى الله تعالى عنهم) পরিচ্ছেদঃ ২৭. জুলাইবীব (রাযিঃ) এর ফ্যীলত

باب مِنْ فَضَائِلِ جُلَيْبِيبٍ رضى الله عنه

## আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ عُمَرَ بْنِ سَلِيطٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِت، عَنْ كِنَانَة، بْنِ نُعَيْمٍ عَنْ أَبِي بَرْزَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ فِي مَغْزًى لَهُ فَأَفَاءَ اللَّهُ عَلَيْهِ فَقَالَ لأَصْحَابِهِ " هَلْ تَفْقِدُونَ مِنْ أَحَدٍ ". قَالُوا نَعَمْ فُلاَنًا وَفُلاَنًا وَفُلانًا وَفُلاَنًا وَفُلاَنًا وَفُلاَنًا وَفُلاَنًا وَفُلاَنًا وَفُلاَ وَفُلاَنًا وَفُلاَنًا وَفُلاَنًا وَفُلَانًا وَفُلاَنًا وَلَا مَلِهُ وَعَلَى فَوَجَدُوهُ إِلَى جَنْ سَبْعَةً ثُمَّ قَتَلُوهُ فَالَ الله عليه وسلم فَوقَفَ عَلَيْهِ فَقَالَ " قَتَلَ سَبْعَةً ثُمَّ قَتَلُوهُ الله عليه وسلم قَالَ فَحُفِرَ لَهُ وَوضَعَهُ عَلَى سَاعِدَيْهِ لَيْسَ لَهُ إِلاَّ سَاعِدًا النَّيْنِي صِلَى الله عليه وسلم قَالَ فَحُفِرَ لَهُ وَوْضَعَ فِي قَبْرِهِ . وَلَمْ يَذُكُرْ غَسْلاً .

## বাংলা

৬২৫২- (১৩১/২৪৭২) ইসহাক ইবনু আমর ইবনু সালীত (রহঃ) ..... আবৃ বার্যাহ (রাযিঃ) হতে বর্ণিত যে, রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এক জিহাদে ছিলেন। আল্লাহ তা'আলা তাকে গানীমাতের সম্পদ দান করলেন। তিনি তার সাহাবাদের বললেন, তোমরা কেউ কি হারিয়ে যায়নি? লোকেরা বলল, হ্যাঁ, অমুক, অমুক ও অমুককে। তিনি বললেন, তোমরা কি কাউকে হারিয়েছ? লোকেরা বলল, হ্যাঁ, অমুক, অমুক এবং অমুককে। তিনি পুনরায় বললেন, তোমরা কি কাউকে হারিয়েছ? লোকেরা বলল, জি-না। তিনি বললেন, কিন্তু আমি জুলায়বীবকে হারিয়েছি। তোমরা তাকে সন্ধান করো। তখন তাকে নিহতদের মাঝে সন্ধান করা হলো। তারপর তারা সাতটা লাশের সামনে তাকে খুঁজে পেল। তিনি এ সাতজনকে মেরে ফেলেছিলেন। তারপর শক্ররা তাকে মারে। তখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার নিকট আসলেন এবং ওখানে দণ্ডায়মান অবস্থায় বললেন, সে সাতজন হত্যা করেছে; তারপর শক্ররা তাকে মেরেছে। সে আমার আর আমিও তার। সে আমার আর আমি তার। অতঃপর তিনি তাকে দু'বাহুর উপর উঠিয়ে নিলেন। কেবল রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর বাহুই তাকে বহন করছিল। তার কবর খনন করা হলো এবং তিনি তাকে তার কবরে রেখে দিলেন। রাবী তার গোসলের বর্ণনা



করেননি। (ইসলামিক ফাউন্ডেশন ৬১৩৪, ইসলামিক সেন্টার ৮ম খণ্ড, ৬১৭৭)

## **English**

Abu Barza reported that Allah's Apostle ( ) was there in a battlefield that Allah conferred upon him the spoils of war. He said to his Companions: Is anyone missing amongst you? They said: So and so and so. He again said: Is there anyone missing amongst you? They said: So and so and so. He then said: Is there anyone missing amongst you? They said: No. Thereupon he (the Holy Prophet) said: But I am missing Julaibib. They (his Companions) searched him amongst those who had been killed and they found him by the side of seven (dead bodies) whom he had killed and he had been killed (by the oppoments). Allah's Apostle ( ) came there and stood (by his side) and said: He killed seven (persons). Then (his opponents) killed him. He is mine and I am his. He then placed him upon his hands and there was none else to lift but Allah's Apostle ( ). Then the grave was dug for him and he was placed in the grave and no mention is made of a bath.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ বার্যা আল-আসলামী (রাঃ)

👤 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন